

জীবননগরে স্কুল-কলেজে মোবাইল ফোন নিষিদ্ধ

চুয়াডাঙ্গা প্রতিলিপি

২০ আগস্ট ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদের মন্ত্র



চুয়াডাঙ্গার জীবননগর উপজেলায় সব স্কুল ও কলেজে শিক্ষার্থীদের মোবাইল ব্যবহার নিষিদ্ধের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতকাল মঙ্গলবার জীবননগর উপজেলার আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়।

সভাপতির বক্তব্যে জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আল আমীন হোসেন বলেন, সম্প্রতি আমাদের পাশ্ববর্তী উপজেলা মহেশপুরে স্কুল-কলেজে মোবাইল ফোন নিষিদ্ধের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কয়েকদিন আগে উপজেলার কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে বিষয়টি নিয়ে আলোচনা হয়েছিল। আজ সভায় সবার মতামতের ভিত্তিতে এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা নেওয়া হবে। মোবাইল নিষিদ্ধের সিদ্ধান্তের রেজুলেশন সব স্কুল-কলেজে পাঠানো হবে। আমরা বিষয়টি নিয়ে উপজেলার সব স্কুল-কলেজ পরিচালনা কমিটির সভাপতিদের সঙ্গে বৈঠক করব। এ বিষয়ে সবাই এগিয়ে এলে স্কুল-কলেজে মোবাইল ফোন নিষিদ্ধ করা স্তর হবে।

জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আল আমীন হোসেনের সভাপতিত্বে উপস্থিত ছিলেন। জীবননগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সৈয়দজাদী মাহবুবা মঞ্জুর মোনা, জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মামুন হোসেন বিশ্বাস, জীবননগর উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আবুল কালাম আজাদ, জীবননগর উপজেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি সাখাওয়াত হোসেন, জীবননগর উপজেলা কৃষি কর্মকর্তা আলমগীর হোসেন, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা জুয়েল শেখ, বিজিবি প্রতিনিধি মোস্তাফিজুর প্রমুখ।